



৮নং বাঁশচড়া ইউনিয়ন পরিষদ
জামালপুর সদর, জামালপুর।



ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটি সভার কার্যবিবরণী

সভাপতি: মোঃ আঃ জলিল
আহ্বায়ক: স্বয়ং
সভার স্থান: ইউনিয়ন পরিষদ ভবন
সময়: বেলা ১১.০০ ঘটিকা

পদবী: ইউপি চেয়ারম্যান
পদবী: সভাপতি
সভার তারিখ: ০৭/১২/২০২১ইং

সভায় উপস্থিত ব্যক্তিবর্গ (হাজিরা দ্রষ্টব্য)

আলোচ্য বিষয়	সিদ্ধান্ত
১) গত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন	সিদ্ধান্ত হাজিরা বহি দ্রষ্টব্য অদ্যকার সভা জনাব মোঃ আঃ জলিল, ইউপি চেয়ারম্যান সাহেবের সভাপতিত্বে শুরু করা হইল। সভাপতি উপস্থিত সকল সদস্য/সদস্যগণকে ধন্যবাদ জানান এবং সভার সদস্য সচিব সভার কার্যবিবরণী পাঠ করার জন্য আহ্বান করা হয়। সভাপতির অনমতি ক্রমে সদস্য সচিব ও ইউপি সচিব জনাব মোঃ আমিনুল ইসলাম গত সভার কার্যবিবরণী পাঠ করে সকলকে শুনান। পাঠান্তে কোন প্রকার সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে গত সভার কার্যবিবরণী অনুমতিত হয়।
২) বিভিন্ন দপ্তরের আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।	সভার সভাপতি সাহেব সকলের অবগতির জন্য জানান যে, ইউনিয়ন উপসহকারী কৃষি কর্মকর্তা জনাব মোঃ শাহজাহান আলী বীজতলার রোগ মুক্ত ও সত্তপ্রবাহ থেকে কি ভাবে বীজতলা রক্ষা করা যায় সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। স্বাস্থ্য বিভাগের স্বাস্থ্যসহকারী শিশুদের নিমুনিয়াসহ বিভিন্ন বিভিন্ন রোগের সম্মুখে আলোচনা করেন ও পরামর্শ দেন।
৩) কভিড-১৯ মোকাবেলায় করণীয় সম্পর্কে আলোচনা।	৩নং আলোচনায় সভাপতি সাহেব স্বাস্থ্য বিভাগের ইউনিয়ন পর্যায়ে কর্মরত FWA ও AHI এর নিকট স্বাস্থ্য সম্পর্কে জানতে চাইলে জনাব মোঃ সোলায়মান হোসেন সাহেব ও মনিষা আক্তার নাসিমা সভায় অবহিত করেন যে ৮নং বাঁশচড়া ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। সরকার দেওয়া শর্তমোতাবেক সকল কার্যক্রম সম্পাদন করে আসছি। সভাপতি সাহেব স্বাস্থ্যবিধি মেনে সকলকে মাস্ক ব্যবহার করার জন্য পরামর্শ প্রদান করেন।
৪) বিবিধ আলোচনা	সভার সভাপতি বিভিন্ন দপ্তরের কর্মকর্তাদের উদ্দেশ্য উপদেশ মূলক বক্তব্য প্রদান করেন এবং ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ তাদের প্রকল্প যথাযথ ভাবে বাস্তবায়ন করে যাচ্ছে। স্ব-স্ব দায়িত্ব যথাযথ ভাবে পালন করার জন্য সকল বিভাগীয় প্রদানকে অনুরোধ করেন। অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আঃ জলিল

৪) কৃষি বিষয়ক আলোচনা।

ইউনিয়ন কর্মরত উপসহকারী কৃষি কর্মকর্তা কৃষি বিষয়ে আলোচনা করেন এবং সকল সদস্য/সদস্যগণকে সার্বিক সহযোগিতা কামনা করেন।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আঃ জলিল
চেয়ারম্যান
৮নং বাঁশচড়াইউনিয়ন পরিষদ
জামালপুর সদর, জামালপুর।